ওয়েব পোর্টালে প্রচারের ব্যবস্থা নিন।
AP
৮/৯/২১



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর
নেজারত শাখা
www.sherpur.gov.bd

নং ০৫.৪৫.৮৯০০.০০৮.০১.০০.০৫৮.১০- ৮০১

তারিখ : ১৬ ভাদ্র ১৪২৮ / ৩১ আগস্ট ২০২১

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ২০ ডিসেম্বর, ২০২০ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩৬.১৬-২৬৮ নং স্মারকে জারীকৃত ছাড়পত্র মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুরের অধীন শেরপুর সার্কিট হাউজের শূন্য পদসমূহ সরাসরি পূরণের লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের নিমিত্ত শেরপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্তে নির্ধারিত ফরমে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | বেয়ারার | ০২(দুই) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ২. | বাবুর্চি | ০১(এক) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) রান্নার কাজে অন্যুন ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা। |
| ৩. | সহকারী বাবুর্চি | ০১(এক) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) রান্নার কাজে অন্যুন ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা। |
| ৪. | পরিচ্ছন্নতাকর্মী | ০২(দুই) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৫. | মালী | ০১(এক) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

## "শর্তাবলী"

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও শেরপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। জেলা প্রশাসন, শেরপুরের ওয়েব পোর্টাল (www.sherpur.gov.bd) হতে আবেদন ফরম ডাউনলোড করে স্বহস্তে পুরণপূর্বক জেলা প্রশাসক, শেরপুর বরাবর আগামী ১৬/১০/২০২১খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে এ কার্যালয়ে পৌঁছাতে হবে। সরাসরি/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুরের নেজারত শাখা হতেও আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ১৯ আগস্ট ২০২১ খ্রি. তারিখের স্মারক নং ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩ মুলে প্রার্থীর বয়স ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধিদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার নাতি-নাতনির ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

Scanned with CamScanner

৪। আবেদনপত্রে (ক) প্রার্থীর পূর্ণ নাম (স্পষ্টাক্ষরে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) (ট) কোটার নাম (যদি থাকে) (ঠ) শিক্ষাগত যোগ্যতার বিবরণ নিম্নোক্ত ছক মোতাবেক উল্লেখ থাকতে হবে।

| ক্রমিক নং | পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম | প্রাপ্ত বিভাগ/ শ্রেণি / জিপিএ /সিজিপিএ | উত্তীর্ণ হওয়ার বছর |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৫। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) সংশ্লিষ্ট পৌর মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (৯ম গ্রেডের নীচে নয়)

(গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙ্গিন ছবি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (৯ম গ্রেডের নীচে নয়)।

(ঘ) প্রার্থীকে আবেদনের সাথে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, শেরপুর এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে ১-০৭৪২-০০০০-২৬৮১ নম্বর কোডে ১০০/- (একশত) টাকার ট্রেজারি চালানের মূলকপি দাখিল করতে হবে।

(ঙ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের ফটোকপি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (৯ম গ্রেডের নীচে নয়)।

(চ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (৯ম গ্রেডের নীচে নয়)।

(ছ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজ নাম ও ঠিকানা সম্বলিত ১০.৫X ৪.৫ সাইজের (১০/- (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকেটসহ) একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৬। বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা অথবা পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধার পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (যথাক্রমে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত কপি) সংযুক্ত করতে হবে।

৭। প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, শেরপুর এর নিকট থেকে তালিকাভুক্তির সনদপত্রের কপি, এতিমখানার নিবাসীদের ক্ষেত্রে এতিমখানার তত্ত্বাবধায়কের নিকট থেকে প্রত্যয়নপত্রের কপি, আনসার ও ভিডিপির ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত মৌলিক প্রশিক্ষণের সনদপত্রের সত্যায়িত কপি এবং উপজাতি সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে (৯ম গ্রেডের নীচে নয়)।

৮। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি, ও সীলমোহর থাকতে হবে।

৯। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে আবেদনপত্র পৌঁছাতে হবে।

১০। কোটা সম্পর্কিত সর্বশেষ প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১১। খামের উপরে স্পষ্ট অক্ষরে আবেদনকারীর নাম, ঠিকানা, পদের নাম ও কোটার নাম লিখতে হবে।

১২। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ ক্ষেত্রে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৪। আবেদনকারী কোন তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলেও সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত শর্তাবলীর যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

মোঃ মোমিনুর রশীদ
জেলা প্রশাসক
শেরপুর
ফোনঃ ০৯৩১-৬১৯০০
Email:dcsherpur@mopa.gov.bd

Scanned with CamScanner